

# অঞ্জলি ভট্টাচার্য যা দেবী সর্বভূতেষু

হালকা নীল আকাশে তুলোপেঁজা মেঘে শরৎ,  
অভিবাসনে যাকে বলি ফল—  
প্রতিবছর এই সময়ে তুমি মর্ত আসো তিনটি দিনের জন্যে  
নির্ভুল হিসেবের ক্যালেডারে শাল কালিতে শুভদিনের নিষ্ঠটি  
হে সর্বস্যাত্তি হরে,  
এই তিন দিন তুমি আমাদের স্পেশাল গেস্ট অব অনার।  
তুমি এলে যেন স্বর্গরাজ্য নেমে আসে।  
(দেখছি তো এইটুকুনি বয়েস থেকে।)  
উইকএন্ডের এই তিনটি দিন উৎসব আর উৎসব।  
এক দিকে শাড়ি-গয়না-মেকআপ,  
অন্যদিকে পাঞ্জাবি-পায়জামা-নাগরা-টেরি  
মাঝখানে দীপ্যমান ইঙ্গৰঙ্গ চলতি ফ্যাসানে দ্বিতীয় প্রজন্ম।  
দুবেলা রয়েছে প্রসাদভোগ আর একটি কালচারাল সঙ্গে।  
ব্যালাঙ্গড বাজেট, হেলথ কেয়ার প্ল্যান, ইন্ড্রিয়েল আতঙ্ক,  
ট্যাক্স ভীতি, লেড অফের শক্তা, ইনফ্রাশন  
হার্ট এ্যাটাক, ব্রেন টিউমার, ডায়াবেটিস, এ্যালসহাইমার,  
সাদা জামাই, কালো পুত্রবধু, আনওয়েড মাদার  
কোনো ব্যাপার না এই তিনটি দিনে।  
সবই তোমার মায়ার ক্যামোফ্লাজ।

এ বাজারে উঠতি বয়সী চারটি বেকার পুত্র কন্যা, একটা ভাড়াটে গুণ্ঠা  
আনএথিক্যালি কালেক্টেড কিছু লাইভ বটানিক্যাল স্পেসিমেন,  
শ্বাগল করে আনা চিড়িয়াখানার জন্ত জানোয়ার  
এবং বিনা লাইসেন্সে একরাশ অন্তর্শস্ত্র নিয়ে,  
তিন দিনের জামাই আদর ভোগ করে, সারা বছরের রসদ জুটিয়ে  
আমরা তোমার হিড্ন্ এজেন্ডা বুঝে ফেলার আগেই  
দোলায় নৌকোয় বা গজে গমন।

যা দেবী সর্বভূতেষু।